

## শিক্ষামন্ত্রীর সাথে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতৃবৃন্দের সাক্ষাৎ

ঢাকা, ০৮ জুলাই

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে আজ ঢাকায় সচিবালয়ে তাঁর অফিসকক্ষে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতৃবৃন্দের ১০ সদস্যের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করে। শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর অলিউল্লাহ মো. আজমতগীর এবং মহাসচিব মো. সাহেদুল খবির চৌধুরী প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

সাক্ষাৎকালে শিক্ষক নেতৃবৃন্দ শিক্ষা ক্যাডারে পদোন্নতির ক্ষেত্রে বিভিন্ন বাধা দূর করা এবং সর্বোচ্চ সংখ্যক পদোন্নতি নিশ্চিত করার জন্য শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন। তারা বলেন, অনেক শিক্ষক যথাসময়ে পদোন্নতি না পাওয়ায় মানসিকভাবে বিপর্যস্ত এবং সামাজিকভাবে কোনঠাসা হয়ে পড়েছেন। তারা ব্যাচভিত্তিক এবং সিনিয়রিটির ভিত্তিতে পদোন্নতির দাবি জানান। তারা বলেন, অনেক কলেজ সরকারি হলেও দীর্ঘদিন পদসৃষ্টি হয় নাই। নতুন পদ সৃষ্টি করে জনবল ঘাটতি পূরণের আহবান জানান তারা। শিক্ষক নেতৃবৃন্দ বলেন, প্রচলিত প্যাটার্ন মোতাবেক ১ হাজার ২০০ অধ্যাপকসহ ১২ হাজার পদ সৃষ্টির প্রস্তাব মন্ত্রণালয়ে বিবেচনাধীন আছে। এ বিষয়ে তারা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। শিক্ষামন্ত্রী ধৈর্য্য সহকারে তাদের বক্তব্য শোনেন এবং যথাসম্ভব সমস্যাগুলো সমাধানের আশ্বাস দেন।

এসময় শিক্ষামন্ত্রী বলেন, বিপুলসংখ্যক কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালু করা হয়েছে। কিন্তু সেই তুলনায় কলেজগুলোতে শিক্ষকের পদ সংখ্যা বাড়েনি। প্রয়োজনের তুলনায় পদ সংখ্যা অনেক কম। তাই আরো শিক্ষকের পদ সৃষ্টি করা জরুরী। তিনি বলেন, শিক্ষকদের মান-সম্মান ও ইজ্জত বাড়াতে চাই। তারা জাতি গঠনে কাজ করেন, তাই তাদের যথাযথ সম্মান-মর্যাদা দিতে হবে।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯